২২ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৬ তম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ	জনাব মোঃ আব্দুল মান্নান খান চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
তারিখ	ঃ	২২/০৩/২০২২ খ্রিস্টাব্দ।
সময়	ঃ	বেলা ১১.৩০ মিনিট
সভাস্থল	ঃ	Zoom Cloud Meeting।
উপস্থিত সদস্যবৃন্দ	ঃ	পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

অদ্যকার সভা, করোনা ভাইরাসের কারণে উদ্ভূত পরিস্থিতিতে ভার্চুয়াল Zoom Cloud Meeting এর মাধ্যমে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী ও সভাপতি উপজেলা মাসিক/উন্নয়ন সমন্বয় বিষয়ক কমিটি কুমারখালী, কুষ্টিয়ার সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভার সদস্যগণ Zoom Cloud Meeting এর মাধ্যমে ভার্চুয়াল সভায় সংযুক্ত হন। সভাপতির অনুমতিক্রমে বিগত ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত ৩৫তম সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগীয় ও অন্যান্য কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :-

অনুঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**স্বাস্থ্য বিভাগ** সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা করোনা ভাইরাস কোভিড-১৯ এর সংক্রমন বর্তমানে নিম্ন পর্যায়ে হলেও সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীতে সরকারি এ্যাম্বুলেন্স চালু আছে। নিয়মিত ভাবে এক্স-রে, ইসিজি ও আল্ট্রাসনোগ্রাম করা হয়। ফেব্রুয়ারি/২২ মাসে বহিঃ বিভাগে ৬,৯৩৩ জন রোগী ও আন্তঃ বিভাগে ৭৩২ জন রোগী এবং জরুরি বিভাগে ১,৫২৯ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ফেব্রুয়ারি/২২ মাসে ৩০৬ জন গর্ভবতী মাকে টিটি টিকা প্রদান করা হয়েছে এবং ২২৩৯ জন জনসাধারনকে টিটি টিকা প্রদান করা হয়েছে। ফেব্রুয়ারি/২২ মাসে ১১৪৯ জন শিশুকে টিকা প্রদান করা হয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ফেব্রুয়ারি/২২ মাসে ৬,৯৫৭ জন এবং কমিউনিটি ক্লিনিকে ২৭,৭৯৬ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০২	**কুমারখালী পৌরসভা** সভায় মেয়র কুমারখালী পৌরসভা জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র কুমারখালী পৌরসভা, কুমারখালী, কুষ্টিয়া।
০৩	**মৎস্য বিভাগ** সভায় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান ইলিশ মাছ ধরা জেলেদের জন্য বিকল্প কর্মসংস্থান করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাদের অনুকূলে বিকল্প কর্মসংস্থানের মালামাল বিতরণ করা হবে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয় যে, ইলিশ মাছ ধরা জেলেদের জন্য বিকল্প কর্মসংস্থানের মালামাল সঠিক ব্যবহারের মাধ্যমে আত্বনির্ভরশীল হতে পারে সেজন্য নিয়মিত তদারকি করার জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।

০৪	**প্রাণিসম্পদ বিভাগ** সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান ফেব্রুয়ারি/২২ মাসে ১,৬৯০ টি গবাদিপশু ও ১০,১৬৮ টি হাঁসমুরগি চিকিৎসা প্রদান করা হয়েছে এবং ৪,১৩৫ টি গবাদিপশু ও ৬০,৬০৮ টি হাঁসমুরগির টিকা প্রদান করা হয়েছে। গাভী ও বকনা ২,০৮২ টি কৃত্রিম প্রজনন করা হয়েছে। এছাড়া টিকাবীজ বিক্রয় বাবদ রাজস্ব আদায় হয়েছে- ১৪,৬৮৫/- টাকা, কৃত্রিম প্রজনন ফি- ৬২,৩৪০/- টাকা মোট রাজস্ব আদায় হয়েছে- ৭৭,০২৫/- টাকা। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমারখালী।
০৫	**কৃষি বিভাগ** সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সকলে সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা কুমারখালী কুষ্টিয়া
০৬	**স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ** সভায় উপজেলা প্রকৌশলী, কুমারখালী জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ০২ টি প্যাকেজের আওতায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর ডিজিটাল এক্স-রে মেশিন সরবরাহ ও সেন্ট্রাল অক্সিজেন প্লান্ট স্থাপন কাজ শেষ হয়েছে। এছাড়াও উপজেলার সামনে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন কাজ শেষ পর্যায়ে আছে। মেয়র কুমারখালী পৌরসভা জানান গড়ের মাঠে ব্রিজ টেন্ডার কার্যক্রম থেকে ২ বছর অতিবাহিত হওয়ার পরেও অদ্যবধি কাজ শেষ করা হয় নাই। উপজেলা প্রকৌশলী বলেন বর্তমানে ক্যাপ তৈরীর কাজ শেষ হলেই গার্ডার নির্মাণ কাজ সম্পাদন করা হবে। পান্টি বাজারের গড়াই নদীর উপর ব্রীজ নির্মাণ করার জন্য লে-আউট প্রদান করা হয়েছে। মেয়র কুমারখালী পৌরসভা বলেন নির্দিষ্ট সময় প্রদান করলে কাজটি দ্রুত সময়ে সম্পাদন করবে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গড়ের বাড়ি ব্রীজ এর সংযোগ রাস্তাটি দ্রুত মেরামত করার জন্য উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।
০৭	**আইন শৃঙ্খলা** সভায় অফিসার ইনচার্জ কুমারখালী থানা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	অফিসার ইনচার্জ কুমারখালী থানা।
০৮	**মাধ্যমিক শিক্ষা বিভাগ** সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
০৯	**উপজেলা শিক্ষা বিভাগ** সভায় উপজেলা শিক্ষা অফিসার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
১০	**সমবায় বিভাগ** সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১০ টি সমবায় সমিটির আওতায় ৫০ জন সদস্যকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৮ টি সমিতি হতে ৬ জন পুরুষ ও ৪ জন মহিলাকে ৩০ দিন ব্যাপী প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং (দর্জি) আইজিএ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১০ টি	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সকলে সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।

	আশ্রায়ণ প্রকল্পের ঋন প্রাপ্তি ৫৩.২০ লক্ষ টাকা, (ঘূর্ণায়ন মানসহ) ১০৪.০২ লক্ষ টাকা ঋন বিতরণ করা হয়েছে। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।		
১১	**পরিবার পরিকল্পনা বিভাগ** সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, পান্টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের আওতায় ৮৯ শতাংশ জমি আছে। উক্ত স্বাস্থ্য কেন্দ্রে ১০ শয্য বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র স্থাপন করলে এলাকার প্রসূতি মা ও নবজাতক শিশু স্বাস্থ্য সেবার ক্ষেত্রে অগ্রগতি হবে। ফেব্রুয়ারি/২২ মাসে মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনামূল্যে স্বাভাবিক ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ১৪ জন, বয়ঃসন্ধিকালীন/প্রজনন স্বাস্থ্য সেবা-৪২৪০ জন, পুষ্টি সেবা চলমান-৪১৬৫ জন, সিএসবি কর্তৃক স্বাভাবিক ডেলিভারী সেবা-০৩ জন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পান্টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ১০ শয্য বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র স্থাপন করার জন্য সর্বসম্মত ভাবে সিধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১২	**ত্রাণ শাখা** সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২য় পর্যায়ের টি.আর প্রকল্পের অনুকূলে বরাদ্দ পাওয়া গেছে। উক্ত প্রকল্পের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে এখন পর্যন্ত বরাদ্দ পাওয়া যায়নি। সেজন্য প্রকল্প তালিকা দ্রুত জমা প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া ১ম পর্যায়ের কাজ ১০০ ভাগ শেষ হয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের বসবাসের জন্য ১২ টি বীর নিবাস নির্মান কাজ চলমান আছে। এছাড়াও ২ টি এইচবিবি রাস্তার টেন্ডার কার্যক্রম সম্পাদন করা হয়েছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বীর মুক্তিযোদ্ধাদের বসাবাসের জন্য বীর নিবাস মন্ত্রণালয়ের নিদের্শনা মোতাবেক নির্মানের লক্ষ্যে অধিকতর মনিটরিং করার জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	সংশ্লিষ্ট সকলে।
১৩	**সমাজসেবা বিভাগ** সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে চলতি অর্থ বছরের প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা সর্বসম্মত অনুমোদিত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।
১৪	**যুব উন্নয়ন বিভাগ** সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুমারখালী।
১৫	**মহিলা বিষয়ক বিভাগ** সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
১৬	**জনস্বাস্থ্য বিভাগ** সভায় উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
১৭	**আবাসিক প্রকৌশলী** সভায় আবাসিক প্রকৌশলী কুমারখালী জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সমন্বয়-২ অধিশাখা থেকে ০৬ ডিসেম্বর/২০২১ খ্রি. তারিখে বিভিন্ন সরকারি ও আধা সরকারি সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ সমূহকে	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে বকেয়া বিদ্যুৎ বিল দ্রুত পরিশোধের জন্য অনুরোধ করা হলো।	সংশ্লিষ্ট সকলে।

	ইতঃপূর্বে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও ব্যবস্থাপনা পরিচালক (ওজোপাডিকো) খুলনা হতে ২২ ডিসেম্বর ২০২১ খ্রিঃ তারিখে ৬৩২ নং স্মারক পত্রে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান কুমারখালী পৌরসভায় ১ কোটি ৬৭ লক্ষ ৬৮ হাজার টাকা, কুমারখালী থানা ৩ লক্ষ ৬৭ হাজার টাকা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কুমারখালীর ৬৭ হাজার টাকা ও বিভিন্ন সরকারি অফিসে ১ লক্ষ ৭০ হাজার টাকা বিদ্যুৎ বিল বকেয়া আছে। উক্ত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য তিনি অনুরোধ করেন।		
১৮	**পল্লী বিদ্যুৎ বিভাগ** সভায় ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।	ডিজিএম পল্লী বিদ্যুৎ কুমারখালী, কুষ্টিয়া।
১৯	**পল্লী উন্নয়ন বিভাগ** সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান কুমারখালী উপজেলায় ০৩ টি ইউনিয়নে অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন প্রকল্প চালু আছে। এছাড়াও অপ্রধান শষ্য প্রকল্প খাতে ৪% লভ্যাংশে ২৫ লক্ষ টাকায় ঋন সহায়তা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ ঋণ সহায়তা খাতে ৪% লভ্যাংশে সর্বোচ্চ ৫০ হাজার টাকা ঋণ সহায়তা প্রদান করা হচ্ছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২০	**সমন্বয়কারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প** সভায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সমন্বয়কারী কুমারখালী জানান ০৪(চার) টি দপ্তরের প্রশিক্ষণ উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	সমন্বকারী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কুমারখালী, কুষ্টিয়া।
২১	**বন বিভাগ** সভায় উপজেলা বন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা বন-বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।
২২	**খাদ্য বিভাগ** সভায় উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য গুদাম কর্মকর্তা জানান, চলতি অর্থ বছরে ৬৫৬ মেঃ টন ধান সংগ্রহের লক্ষ্য মাত্রা হলেও এখন পর্যন্ত ধান সংগ্রহ করা যায়নি। এছাড়াও চাল সংগ্রহের মাত্রা ছিল ৮৯২ মেঃ টন। তার অনুকূলে চাউল সংগ্রহ করা হয়েছে ৯৭,৯৮০ মেঃ টন। সভায় তিনি আরও জানান নিয়মিত ভাবে বাজার মনিটরিং করা হয়। গত মাসের বাজার দর ধান মোটা-২৬-২৭ টাকা, গম দেশি ২৮-২৯ টাকা, চাউল মোটা- ৪৩-৪৪ টাকা, চাউল চিকন ৬০-৬২ টাকা, আটা-২৮-৩০ টাকা, চিনি-৬৩-৬৪ টাকা, সয়াবিন তৈল ১৬০-১৬৫ টাকা। পূর্বে বাজার দর থেকে সামান্য দর বৃদ্ধি পেয়েছে। এছাড়া অন্যান্য দ্রব্যর বাজার চলতি মাসে একই পর্যায়ে রয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	উপজেলা খাদ্য কর্মকর্তা, কুমারখালী কুষ্টিয়া
২৩	**আনসার ভিডিপি** সভায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	আনসার ভিডিপি কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।

২৪	**পল্লী সঞ্চয় ব্যাংক** সভায় ব্যবস্থা ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী জানান ফেব্রুয়ারি/২২ মাসে ৫৯৭ জন গ্রহকের মাঝে ১.৮০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে ১.৪১ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে এবং গ্রহকের নিকট থেকে সঞ্চয় আদায় করা হয়েছে ৪.৫৫ হাজার টাকা আদায় হয়েছে। আদায়ের হার সন্তোষজনক।	সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং গৃহিত কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়	সমন্বকারী আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক কুমারখালী, কুষ্টিয়া
২৫	**তথ্যসেবা কর্মকর্তা** সভায় তথ্যসেবা কর্মকর্তা অনুপস্থিত বিধায় আলোচনা করা সম্ভব হলো না।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	তথ্যসেবা কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।
২৬	**আইসিটি বিভাগ** সভায় সহকারি প্রোগ্রামার আইসিটি অধিদপ্তর, কুমারখালী জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো	সংশ্লিষ্ট সকল সরকারি দপ্তর প্রধান, কুমারখালী, কুষ্টিয়া।

বিবিধ আলোচনা

২৭। উপজেলা পরিষদের বাসাবাড়ি সংস্কার সংক্রান্ত :

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখার ০৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. তারিখের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২১-৯৩ নং পত্রে কুমারখালী উপজেলা পরিষদের বাসাবাড়ি সংস্কার করার জন্য ১৯.০০ (উনিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা পরিষদের ডরমেটরী ভবন মেরামত করার জন্য ৪.০০ (চার) লক্ষ টাকা, উপজেলা পরিষদের আবাসিক বাসভবন(মেঘনা) মেরামত করার জন্য ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা, উপজেলা পরিষদের আবাসিক বাসভবন (গড়াই ও ভৈরব) মেরামত করার জন্য ৩.০০ (তিন) লক্ষ টাকা, উপজেলা কমপ্লেক্স ভবন মেরামত করার জন্য ৭.০০ (সাত) লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনসমূহ অনুমোদন করার জন্য সভায় উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের বাসাবাড়ি গুলো দ্রুত সংস্কার করা প্রয়োজন কিন্তু স্বল্প সময়ের মধ্যে দরপত্র আহবান করে সংস্কার কাজ সম্পাদন করা সম্ভব নয়। সেজন্য কোটেশন এর মাধ্যমে প্রকল্পগুলো বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের বিভিন্ন বাস ভবন সংস্কার করার জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা পরিষদের ডরমেটরী ভবন মেরামত ৪.০০ (চার) লক্ষ টাকা, উপজেলা পরিষদের আবাসিক বাসভবন (মেঘনা) মেরামত ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা, উপজেলা পরিষদের আবাসিক বাসভবন (গড়াই ও ভৈরব) মেরামত ৩.০০ (তিন) লক্ষ টাকা ও উপজেলা কমপ্লেক্স ভবন মেরামত করার জন্য ৭.০০ (সাত) লক্ষ টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। সেই সাথে সময় স্বল্পতার জন্য প্রকল্পগুলি কোটেশন এর মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার দ্বায়িত্ব প্রদান করা হলো।

২৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রাক্কলন সংশোধন সংক্রান্ত :

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অধীনে উপজেলার বিভিন্ন ইউনিয়নের মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ করার জন্য দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্রে Sub-mersible pump 1HP, brand: GAZI made in Bangladesh বা সমমানের কোন পাম্প এলজিইডি এর রেট সিডিউলে অর্ন্তভুক্ত নেই। বাজার দর বিশ্লেষন করে প্রতিটির মূল্য ৩৬৫০০/- (ছত্রিশ হাজার পাঁচশত) নির্ধারণ করা হয়। 7 steps water purifier, Brand: Purit/kent বা সমমানের কোন ফিল্টার এলজিইডি এর রেট সিডিউলে অর্ন্তভুক্ত নেই। বাজারে Pureit, kent বা এর সমমানের বিভিন্ন পণ্য রয়েছে। এর প্রতিটির মূল্য ২৬,৫০০/- টাকা। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে হাইজিন কর্ণার নির্মান উপ-প্রকল্পের প্রয়োজনে পন্য ০২টির রেট গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দেয়। বাজার যাচাই করে উল্লেখিত পন্য ২ টির দাম নির্ধারণ করা হয়েছে। পন্যটির বাজার মূল্যের সাথে বাজার দর, (সকল প্রকার ফিটিংস সহ)ভ্যাট,আইটি এবং ঠিকাদারের লভ্যাংশ অর্ন্তভুক্ত করা হয়েছে। উপরোক্ত পন্য ০২টির রেট অনুমোদনের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে Sub-mersible pump 1HP, brand: GAZI made in Bangladesh বা সমমানের কোন পাম্প প্রতিটির মূল্য ৩৬৫০০/- ও 7 steps water purifier, Brand: Purit/kent বা সমমানের কোন ফিল্টার প্রতিটির মূল্য ২৬,৫০০/- টাকা সর্বসম্মতভাবে অনুমোদিত হলো।

২৯। **উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ও এডিপি থোক বরাদ্দ এর প্রকল্প সংশোধন সংক্রান্ত।**

ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০৫/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০১.২১- ৪৪০ নং স্মারক পত্রে উন্নয়ন তহবিল থোক বরাদ্দ (এডিপি) অনুকূলে ১ম কিস্তির অর্থ বাবদ ২৪.৩৩ লক্ষ টাকা এবং ২য় কিস্তিতে ২৪.৩৩ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে যা উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ ধরে ২০ জানুয়ারি/২২ মাসের সভায় ৪৩ (তেঁতাল্লিশ) টি প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়। উক্ত অনুমোদিত ৪৩ (তেঁতাল্লিশ) টি প্রকল্প বাস্তয়নের ধরন পরিশিষ্ট-গ দ্রষ্টব্য। অনুমোদিত প্রকল্পের মধ্যে ১৬(ষোল) টি প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন প্রদান করা হয়। ফলে নতুন ইউনিয়ন পরিষদ গঠিত হওয়ায় প্রকল্প কমিটির সভাপতি ও সদস্য সচিবের নাম পরিবর্তন করা প্রয়োজন।

খ) এছাড়া সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ১,৬৩,০০,০০০/- এক কোটি, তেষট্টি লক্ষ টাকার প্রকল্প ও বাস্তবায়নের ধরন ২০ জানুয়ারি, ২০২২ খ্রি. তারিখের সভায় অনুমোদিত হয়। কিন্তু বাস্তবতার আলোকে নতুন ইউনিয়ন পরিষদ গঠিত হওয়ায় প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়িত প্রকল্পগুলির কমিটির সভাপতি ও সদস্য সচিবের নাম পরিবর্তন করা প্রয়োজন।

সিদ্ধান্ত : ক) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০ জানুয়ারি/২০২২ খ্রি. তারিখের মাসের মাসিক সভায় গঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিবের পরিবর্তে নতুন ১৬ (ষোল) টি প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটি পরিশিষ্ট-খ দ্রষ্টব্য।

খ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০ জানুয়ারি/২০২২ খ্রি. তারিখের মাসের মাসিক সভায় গঠিত ২৬ (ছাব্বিশ) টি প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি ও সদস্য সচিবের পরিবর্তে নতুন ২৬ (ছাব্বিশ) টি প্রকল্প বাস্তবায়ন কমিটি সর্বসম্মত ভাবে অনুমোদিত হয়। অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটি পরিশিষ্ট-গ দ্রষ্টব্য।

৩১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের নিম্নোক্ত ব্যয়/ ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয় ঃ-

১।	আপ্যায়ন ব্যয়-	২৯,৯৩৫/-
২।	আনুষঙ্গিক ব্যয়-	৫,০০০/-
৩।	উপজেলা ফেব্রুয়ারি/২২ মাসের ইন্টারনেট বিল বাবদ	১,৫০০/-
৪।	১৪২৯ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিল বাবদ	২৫,২০০/-
৫।	১৪২৯ সনের হাট-বাজার ইজারা বিজ্ঞাপন বিল বাবদ	১২,৮০০/-
৬।	২০২১-২০২২ সনের পৌর কর পরিশোধ বাবদ-	২,৭৮,০০০/-
৫।	জানুয়ারি/২২ মাসের পানির পাম্প মেশিনের বিদ্যুৎ বিল-	৭,৮৮১/-
৬।	জানুয়ারি/২২ মাসের অফিস কার্যালয়ের বিদ্যুৎ বিল-	৮৪৩/-

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ আব্দুল মান্নান খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কুমারখালী, কুষ্টিয়া।

স্মারক নং-৪৬.৪৬.৫০৭১.০১৪.০০.০০৩.২২-১৯

২২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ : ----------------------
০৫ এপ্রিল, ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জনাব সেলিম আলতাফ জর্জ, মাননীয় সংসদ সদস্য, ৭৮কুষ্টিয়া-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী কুষ্টিয়া।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
৭। উপজেলা .... অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
৮। চেয়ারম্যান...ইউপি, কুমারখালী, কুষ্টিয়া।
৯। অফিস কপি।

বিতান কুমার মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমারখালী, কুষ্টিয়া।

২২ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৩৬ তম সভায় উপস্থিত সদস্য বৃন্দের তালিকা

"পরিশিষ্ট- ক"

ZOOM সভা

ক্রমিক	নাম ও পদবী	স্বাক্ষর ও তারিখ
০১।	ডাঃ মোঃ আকুল উদ্দিন, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০২।	মোঃ সাইদুর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী	
০৩।	মেরিনা আক্তার মিনা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী।	স্বাক্ষরিত
০৪।	ডাঃ মোঃ নুরে আলম সিদ্দিকী, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা , কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৫।	চেয়ারম্যান নন্দলালপুর ইউনিয়ন পরিষদ,কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৬।	আব্দুর রহিম, উপজেলা প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৭।	মো: মোস্তাফিজুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৮।	মোঃ আব্দুল মুত্তালিব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৯।	দেবাশীষ কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১০।	মোঃ আব্দুর রশিদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
১১।	চেয়ারম্যান, শিলাইদহ ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১২।	চেয়ারম্যান, জগন্নাথপুর, ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৩।	মোঃ মাহামুদুল ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
০৯।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা কার্যালয় কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৪।	চেয়ারম্যান, চাপড়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৫।	মোহম্মদ আলী, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
১৬।	চেয়ারম্যান, বাগুলাট ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৭।	ফেরদৌস নাজনীন, উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
১৮।	মোঃ সাইদ হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা,কুমারখালী,কুষ্টিয়া।	স্বাক্ষরিত
১৯।	মোঃ আলামিন মিয়া, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমারখালী	স্বাক্ষরিত
২০।	মোঃ আক্তারুজ্জমান, উপজেলা বন বিভাগ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২১।	চেয়ারম্যান সদকী ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২২।	মোঃ পারভীন খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৩।	চেয়ারম্যান সাদীপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৪।	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, পান্টি ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৫।	মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সংরক্ষিত সদস্য, উপজেলা পরিষদ কুমারখালী।	স্বাক্ষরিত
২৬।	মোঃ আলি হোসেন চেয়ারম্যান কয়া ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৭।	মোঃ সেলিম আহমেদ, উপজেলা সমন্বকারী, একটি বাড়ি একটি খামার, কুমারখালী	স্বাক্ষরিত
২৮।	মোছাঃ মঞ্জুয়ারা খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
২৯।	মোঃ রাশিদুজ্জামান, চেয়ারম্যান, চাঁদপুর ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩০।	আব্দুর রশিদ, আবাসিক প্রকৌশলী, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩১।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩২।	মোঃ মোজাম্মেল হক, উপজেলা খাদ্য কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	স্বাক্ষরিত
৩৩।	মোঃ জামশেদ ইকবালুর রহমান, ভাপ্রাপ্ত গুদাম কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত
৩৪।	মোঃ ইশতিয়াক শাহরিয়ার, সহকারি প্রোগ্রামার, কুমারখালী, কুষ্টিয়া।	
৩৫।	বিপ্লব কুমার সাহা, সমন্বয়কারী ইউডিএফ কুমারখালী, কুষ্টিয়া।	স্বাক্ষরিত

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

০১।	চেয়ারম্যান যদুবয়রা ইউনিয়ন পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	
০২।	অফিসার ইনচার্জ কুমারখালী থানা।	
০৩।	মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি, কুষ্টিয়া।	
০৪।	মোঃ আব্দুল হালিম, যুব উন্নয়ন কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া	
০৫।	ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৬।	তথ্য সেবা কর্মকর্তা, কুমারখালী, কুষ্টিয়া।	
০৭।	জুলিয়া পারভীন, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা ভাঃ, কুমারখালী, কুষ্টিয়া।	
০৮।	মোছাঃ ময়না খাতুন, সংরক্ষিত সদস্য উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।	